



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা ১০০০

২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে হাইড্রোকার্বন ইউনিট-এর নৈতিকতা কমিটির দ্বিতীয় সভার কার্যবিবরণী।

সভাপতি	মো: শামীম খান মহাপরিচালক (যুগ্মসচিব)
সভার তারিখ	১৯-১০-২০২৩ ইং
সভার সময়	সকাল ১০:০০ ঘটিকা
স্থান	কনফারেন্স রুম
উপস্থিতি	পরিশিষ্ট-ক

২.০১ আলোচনাঃ

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতি ক্রমে নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২০২৩-২০২৪ অর্থ বছরের দ্বিতীয় কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে পর্যালোচনা করা হয়। সভাপতি অত্র অফিসের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রথম কোয়ার্টারে কি কি বাস্তবায়ন করতে হবে সে বিষয়ে আলোচনা করেন।

২.২ সভাপতি ২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় মন্ত্রিপরিষদ বিভাগের ছক অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ; সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে সভা; কর্ম-পরিবেশ উন্নয়নের জন্য প্রাধিকারপ্রাপ্ত কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা; অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব ও উন্নয়ন বাজেট); বাজেট বাস্তবায়ন; জনকল্যানের নিমিত্তে জনবান্ধব ও গণমুখী প্রশাসন ব্যবস্থাপনা বিষয়ে সেমিনার আয়োজনের বিষয়ে আলোচনা করেন।

ফোকাল পয়েন্ট জানান, কর্ম-পরিবেশ উন্নয়নের অংশ হিসেবে পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির জন্য অফিসের ব্যবহৃত আসবাবপত্র জীবানুনাশক স্প্রে দ্বারা জীবানু মুক্তকরণ; মাস্ক পড়া, হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার উৎসাহিত করা; অফিস প্রাঙ্গণ প্রত্যহ পরিষ্কারকরণ করা হয়।

পরিশেষে সভাপতি শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নির্দেশনা সমূহ যথাযথ অনুসরণের উপর গুরুত্বারোপ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩.০১ সিদ্ধান্তঃ

ক) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন করতে হবে।

খ) শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

গ) ১.৫ কার্যক্রমের ১ নং কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে প্রাধিকারপ্রাপ্ত কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করতে হবে।

৪.০১ সভায় আর কোন বিষয় না থাকায় কমিটির সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Sham

২৫-১০-২০২৩

মো: শামীম খান

মহাপরিচালক (যুগ্মসচিব)

৮৩৯১০৭৫

hcu@hcu.org.bd

৯ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ২৫ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৫৪.০০১.১৮.৯৮১

বিতরণ :

১। যুগ্মসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।



Sham

২৫-১০-২০২৩

মো: শামীম খান

মহাপরিচালক (যুগ্মসচিব)